

## প্রথম অধ্যায়

### তথ্য ও যোগাযোগ প্রযুক্তি : বিশ্ব ও বাংলাদেশ প্রেক্ষিত

#### মডেল--০৪

১. ► জারা থাইল্যান্ডের বামরুন্নথাড ইন্টারন্যাশনাল হাসপাতালে চিকিৎসার জন্য ভর্তি হল। ডাক্তার এক ধরনের মিনিম্যালি ইনহেসিভ পদ্ধতিতে ক্রায়োপ্রব ব্যবহারের মাধ্যমে তার চিকিৎসা করলেন এবং বর্তমানে সে সম্পূর্ণরূপে সুস্থ।

ক. রেজিস্টার কী ?

খ. একটি ৩ বিট বিশিষ্ট সিনক্রোনাস কাউন্টারের চিত্র আঁক।

গ. উদ্দীপকে উল্লিখিত চিকিৎসা পদ্ধতিতে কিভাবে জীবাণু ধ্বংস করা হয়? বর্ণনা কর।

ঘ. জারা যে পদ্ধতিতে চিকিৎসা নেয় তাতে তথ্য প্রযুক্তির ব্যবহার বিশ্লেষণ কর।

২. ► Mr. Y একটি মাল্টিন্যাশনাল কোম্পানিতে চাকরি করে। একদিন তার এক সহকর্মীকে নিজের অ্যাটেনডেন্টস কার্ডটি দিয়ে বললেন আগামীকাল আমার অফিসে যেতে দেরি হবে তুমি অফিসে ঢোকান সময় অ্যাটেনডেন্টস মেশিনে তোমার কার্ডটি পাঞ্চ করার সময় আমার কার্ডটিও পাঞ্চ করে দিও।

ক. বায়োমেট্রিক্স কী ?

খ. সাইবার ক্রাইম বলতে কি বোঝ ?

গ. উক্ত মেশিনে অ্যাটেনডেন্ট কার্ড ছাড়া আর কী কী ব্যবহৃত হতে পারে? সেগুলোর বর্ণনা দাও।

ঘ. উদ্দীপকে উল্লিখিত ঘটনার অবকাশ প্রতিহত করার জন্য তুমি কোন ধরনের পদক্ষেপ নিতে পারো বলে মনে কর- তা যুক্তি দ্বারা বুঝিয়ে দাও।

৩. ► বাংলাদেশ পাসপোর্ট অফিস মেশিন রিডেবল পাসপোর্ট তৈরির জন্য ডিজিটাল পদ্ধতিতে আবেদনকারীর আঙুলের ছাপ, সিগনেচার এবং মুখমণ্ডলের ছবি সংগ্রহ করে ডেটাবেসে সংরক্ষণ করে। কিছু ব্যক্তি নকল পাসপোর্ট তৈরির জন্য পাসপোর্ট অফিসের ডেটাবেস হ্যাক করার চেষ্টা করে।

ক. বিশ্বগ্রাম কী?

খ. “বিশ্বগ্রাম বাস্তবায়নের ফলে ব্যাপক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে”- ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকে উল্লিখিত ব্যক্তিদের কর্মকাণ্ড থেকে তাদের মনোভাব মূল্যায়ন কর।

ঘ. পাসপোর্ট অফিসে যে প্রযুক্তি ব্যবহার করে ডেটা সংগ্রহ করা হয় তা বিশ্লেষণ কর।

বে প্রভাবিত করেছে - ব্যাখ্যা কর।